



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়  
সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭১০৮৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



## প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

### আন্তঃবিভাগ হ্যান্ডবল প্রতিযোগিতায় সরকার ও রাজনীতি বিভাগ চ্যাম্পিয়ন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৮ নভেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে আজ অনুষ্ঠিত আন্তঃবিভাগ হ্যান্ডবল প্রতিযোগিতার ফাইনাল খেলায় সরকার ও রাজনীতি বিভাগ ১৫-৫ গোলে চারঞ্চিলা বিভাগকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে। প্রতিযোগিতায় সর্বোচ্চ গোলদাতার পুরস্কার লাভ করেছেন সরকার ও রাজনীতি বিভাগের আরাফ। সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন চারঞ্চিলা বিভাগের জুসাই।

উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম প্রধান অতিথি হিসেবে ফাইনাল খেলা উপভোগ করেন এবং খেলা শেষে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ। প্রতিযোগিতা পরিচালনা কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. আবদুল্লাহ হেল কাফীর সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সমাজবিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক বশির আহমেদ, প্রফেসর আ.স.ম. ফিরোজ-উল-হাসান, বিভিন্ন বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীগণ উপস্থিত ছিলেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

